**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 17.02.2025** **Desk in Charge : SDG**

**Time : 7-50 PM** **Compiling & NR : D.S.S.**

**DEO : K. Bhowmick**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যপাল CV আনন্দ বোসের অভিভাষণের ওপর ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব নিয়ে আজ রাজ্য বিধানসভায় আলোচনা শুরু হয়েছে।

# বিধানসভার মর্যাদা লঙ্ঘনের অভিযোগে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ
চার বিধায়ক সাসপেন্ড।

২) চলতি বছরেই মাছ উৎপাদনে পশ্চিমবঙ্গ দেশের মধ্যে শীর্ষস্থান দখল করবে বলে সরকার জানিয়েছে।

৩/ আসন্ন উচ্চমাধ্যমিক চলাকালীন পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন সহ যেকোনোরকম বৈদ্যুতিন যন্ত্র নিয়ে প্রবেশে নিষেধাজ্ঞা জারি করেছে পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ।

৪/ বাগিচা শ্রমিকদের নূন্যতম মজুরি, চা সুন্দরী প্রকল্প সহ উত্তরবঙ্গের চা শিল্পের বর্তমান অবস্থা নিয়ে পর্যালোচনা করতে রাজ্য সরকার আগামীকাল বৈঠকে বসছে।

৫/ ফাল্গুনের গোড়াতেই কলকাতা সহ দক্ষিণবঙ্গে তাপমাত্রা ঊর্ধ্বমুখী।

*****************************************************************

রাজ্যপাল CV আনন্দ বোসের অভিভাষণের ওপর ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব নিয়ে রাজ্য বিধানসভায় আজ আলোচনা চলাকালীন পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে।

বিরোধী সদস্যরা রাজ্যপালের ভাষণের বিভিন্ন দিক তুলে ধরে তার সমালোচনা করেন। রাজ্যে আইনশৃঙ্খলার অবনতি, মহিলাদের নিরাপত্তাহীনতা, সরকারি প্রকল্পে আর্থিক দুর্নীতির অভিযোগে সরব হন তাঁরা। সরকারপক্ষ বিরোধীদের অভিযোগ খারিজ করে দেয়। তৃণমূল কংগ্রেস বিধায়ক মহম্মদ আলি অবশ্য পরিসংখ্যান পেশ করে জানান, আর্থিক মানদন্ডের নিরিখে অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গ অনেকটাই এগিয়ে।

এদিকে, বিধানসভার **মর্যাদা** লঙ্ঘনের অভিযোগে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, অগ্নিমিত্রা পাল, বিশ্বনাথ কারক এবং বঙ্কিম ঘোষ-এই চার বিজেপি বিধায়ককে পরবর্তী ৩০ দিন অথবা চলতি অধিবেশনের বাকি সময়ের জন্য সাসপেন্ড করা হয়েছে। এই নিয়ে গত সাড়ে তিন বছরে চারবার বিধানসভা থেকে সাসপেন্ড হলেন শুভেন্দু ।

**অধ্যক্ষ বিমান** বন্দ্যোপাধায় জানিয়েছেন, অসংসদীয় আচরণের জন্যই এই সাসপেনশন।

( বাইট- অধ্যক্ষ)

**পরিষদীয় মন্ত্রী শোভনদেব** চট্টোপাধ্যায় জানিয়েছেন, অধ্যক্ষ বিরোধী দলনেতা সহ বিজেপি বিধায়কদের সাসপেন্ড করে সঠিক সিদ্ধান্তই নিয়েছেন।

অন্যদিকে, **বিরোধী দলনেতা** অভিযোগ করেছেন, রাজ্যে অগণতান্ত্রিক সরকার চলছে। এই সাসপেনশনের প্রতিবাদে বিজেপি পরিষদীয় দল বিধানসভায় মুখ্যমন্ত্রীকে বয়কট এবং আগামীকাল বিধানসভার বাইরে ধর্না দেবেন। এই একমাস সাসপেনশন চলাকালীন তিনি বিধায়ক ভাতা প্রত্যাখ্যান করবেন বলেও শুভেন্দু অধিকারী স্পষ্ট জানিয়েছেন।

আমাদের প্রতিনিধি জানাচ্ছেন- ( ভিসি- অভিরূপ )

**********************

আগেই জানানো হয়েছে, বিধানসভার অধিবেশনের প্রথমার্ধে আজ বিজেপি, রাজ্যে একাধিক শিক্ষা প্রতিষ্ঠানে **সরস্বতী পুজোয় বাধা** দেওয়ার অভিযোগ তুলে ঐ ঘটনায় মুখ্যমন্ত্রীর বিবৃতি দাবি করে। অগ্নিমিত্রা পালের নেতৃত্বে মহিলা সদস্যদের তরফে বিধানসভায় এই মর্মে মুলতুবি প্রস্তাব'ও আনা হয়। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় প্রস্তাব পাঠের অনুমতি দিলেও আলোচনার দাবি খারিজ করলে, বিরোধী দলনেতা সহ অন্য সদস্যরা ওয়েলে নেমে কাগজপত্র ছিঁড়ে বিক্ষোভ দেখান। অধ্যক্ষ বিরোধী দলনেতার

ভূমিকা নিয়ে  ক্ষোভ প্রকাশ করে ব্যবস্থা নেওয়ার কথা বললে প্রতিবাদে বিজেপি সদস্যরা ‘ওয়াক আউট’ করে বিধানসভার লবিতে বসে বিক্ষোভ দেখান। এরপর সভার মর্যাদা লঙ্ঘনের অভিযোগ তুলে শ্রী অধিকারী সহ চারজনের বিরুদ্ধে শাস্তির দাবিতে সরকার পক্ষের মুখ্য সচেতক নির্মল ঘোষ একটি প্রস্তাব নিয়ে এলে বিরোধীশূন্য বিধানসভায় সেটি ধ্বনি ভোটে পাশ হয়।

**********************

চলতি বছরেই মৎস্য উৎপাদনে পশ্চিমবঙ্গ দেশের মধ্যে শীর্ষস্থানে পৌঁছে যাবে বলে মৎস্য মন্ত্রী বিপ্লব রায় চৌধুরী জানিয়েছেন ।

রাজ্য বিধানসভায় আজ বিধায়ক মধুসূদন বাগের প্রশ্নের উত্তরে তিনি বলেন, বর্তমানে মাছ উৎপাদনের নিরিখে এরাজ্যের স্থান- দ্বিতীয়। অন্যদিকে, মৎস বীজ উৎপাদনে চলতি আর্থিক বছরে পশ্চিমবঙ্গ গোটা দেশের মধ্যে প্রথম স্থানে রয়েছে। চাহিদার তুলনায় উৎপাদন বেশি থাকায় সরকারিভাবে বাইরে থেকে মাছ আমদানি করতে হয় না।

মৎস্য মন্ত্রী আরো জানান, কম দামে মাছ বিক্রির জন্য ৩৫ টি জায়গায় ‘সুফল বাংলা’ মৎস্য স্টল খোলা হচ্ছে। সেগুলি চালানোর দায়িত্ব দেওয়া হচ্ছে স্বনির্ভর গোষ্ঠী ও  মৎস্য সমবায়গুলিকে। রাজ্যে এধরণের ১০০টি বিক্রয় কেন্দ্র খোলার পরিকল্পনা রয়েছে বলে’ও তিনি জানান।

**********************

সদ্য সমাপ্ত বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনে রাজ্যের পর্যটন ক্ষেত্রে মোট ৫ হাজার ৬০০ কোটি টাকা লগ্নীর প্রস্তাব এসেছে।

বিধানসভার প্রশ্নোত্তর পর্বে আজ বিজেপি বিধায়ক নরহরি মাহাতোর এক প্রশ্নের উত্তরে পর্যটন মন্ত্রী ইন্দ্রনীল সেন একথা জানান। তিনি বলেন, উত্তর ও দক্ষিণবঙ্গের প্রায় সমস্ত জেলা জুড়ে এই পর্যটন প্রস্তাবগুলি এসেছে। জেলাশাসকদের সুপারিশ মত জেলাভিত্তিক পর্যটনের উন্নয়নে আগামী আর্থিক বছরের জন্য ৭০টি নতুন প্রকল্প হাতে নেওয়া হয়েছে।

**********************

২০২৬ এর বিধানসভা নির্বাচনে বনগাঁ সাংগঠনিক জেলায় বিজেপি ভালো ফল করবে বলে কেন্দ্রীয় জাহাজ প্রতিমন্ত্রী বিজেপি নেতা শান্তনু ঠাকুর আশাপ্রকাশ করেছেন। তিনি আজ বিকেলে বিধানসভা নির্বাচনের জন্যে রণকৌশল স্থির করতে দলীয় কর্মীদের নিয়ে এক সাংগঠনিক বৈঠক করেন। তার আগে সাংবাদিকদের শান্তনুবাবু বলেন, রাজ্যের মধ্যে বনগাঁয় বিজেপির সংগঠন সবচেয়ে মজবুত।

************************

রাজ্যে আসন্ন উচ্চমাধ্যমিক চলাকালীন পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন সহ যেকোনোরকম বৈদ্যুতিন যন্ত্র নিয়ে প্রবেশে নিষেধাজ্ঞা জারি করেছে পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ।

সংসদের পক্ষ থেকে আজ এক বিজ্ঞপ্তিত জানানো হয়েছে, ছাত্র-ছাত্রীদের পাশাপাশি নজরদারির দায়িত্বে থাকা সমস্ত শিক্ষক ও শিক্ষাকর্মী, পরীক্ষার সঙ্গে যুক্ত অন্যরা স্মার্ট ফোন, ওয়ারলেস হেডফোন, ব্লু টুথ, স্মার্ট ওয়াচের মতো কোনোরকম ইলেকট্রনিক গেজেট নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না। এমনকি, অভিভাবকদের ক্ষেত্রেও এই নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে। পরীক্ষার্থীরা শুধুমাত্র সংসদের ছাড়পত্র দেওয়া ক্যালকুলেটর নিয়ে প্রবেশ করতে পারবেন। প্রতিটি কেন্দ্রের বাইরে থাকবে মেটাল ডিটেক্টর। তাতে চেকিং-এর সময় কোনো পড়ুয়া ইলেকট্রনিক গেজেট সহ ধরা পড়লে তার এনরোলমেন্ট বাতিল, ওই বৈদ্যুতিন যন্ত্রটি বাজেয়াপ্ত এবং সংসদের ডেপুটি সেক্রেটারিকে এব্যাপারে জানানোর কথাও বলা হয়েছে বিজ্ঞপ্তিতে। সেন্টার ইনচার্জ, সেন্টার সেক্রেটারি, ভেন্যু সুপারভাইজার এবং কাউন্সিল মনোনীত কর্মী শুধুমাত্র পরীক্ষা সংক্রান্ত বিষয়ে মোবাইল ফোন নিয়ে কেন্দ্রে প্রবেশ করতে পারলেও পরীক্ষার হলে মোবাইল নিয়ে যেতে পারবেন না।

************************

এদিকে, পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ, চলতি মাধ্যমিকের ইতিহাস পরীক্ষায় মোবাইল ফোন নিয়ে কক্ষে প্রবেশ করায় তিন পড়ুয়ার পরীক্ষা বাতিল করে দিয়েছে। এক বিবৃতিতে পর্ষদ জানিয়েছে, দক্ষিণ ২৪ পরগনার গোবিন্দপুর কালীচরণ হাইস্কুলের দুই পড়ুয়া এবং উত্তর দিনাজপুরের ডালখোলা গার্লস হাইস্কুলে পরীক্ষা দেওয়া হিন্দি হাই স্কুলের এক ছাত্রীর কাছ থেকে মোবাইল ফোন উদ্ধার হয়। কোচবিহারের তুফানগঞ্জ নৃপেন্দ্র নারায়ন

মেমোরিয়াল হাইস্কুলেও পরীক্ষার আগে একজনের কাছে মোবাইল ফোন মেলে। উত্তর দিনাজপুরের চাকুলিয়ায় গান্দাল হাইস্কুলে এক পরীক্ষার্থী উত্তরপত্র ছিঁড়ে ফেললে পরীক্ষা বাতিল হয়ে যায়।

***********************

মালদায় আজ একাধিক মাধ্যমিক পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায়। পরীক্ষা নির্বিঘ্নে সম্পন্ন করতে বিভিন্ন জেলায় পুলিশ ও প্রশাসনের ভূমিকা নিয়ে সন্তোশ প্রকাশ করেন পর্ষদ সভাপতি। সাংবাদিকদের তিনি বলেন, মোবাইল নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করায় ইতমধ্যেই অনেকের পরীক্ষা বাতিল হয়েছে।

***********************

দক্ষিণ ২৪ পরগনার জীবনতলায় বিপুল পরিমাণে কার্তুজ উদ্ধারের ঘটনায় চম্পাহাটি থেকে ধৃত শান্তনু সরকারকে আজ আলিপুর আদালতে তোলা হলে, বাইশে ফ্রেবুয়ারী পর্যন্ত পুলিশ হেফাজতের নির্দেশ দেওয়া হয়।

বিবাদি বাগের অস্ত্রের দোকানের কর্মী শান্তনু, দোকানের অস্ত্র এবং কার্তুজ বে-আইনীভাবে বিক্রি করে দিত বলে STF সূত্রের খবর। ওই দোকানেরই কর্মচারী ধৃত জয়ন্ত দত্তকে জিজ্ঞাসাবাদ করে শান্তনুর হদিশ মেলে।

উল্লেখ্য, কার্তুজ কান্ডে মোট ৬ জনকে গ্রেফতার করা হলো। বিবাদিবাগের অস্ত্রের দোকানটি পুলিশ সিল করে দিয়েছে।

***********************

বাগিচা শ্রমিকদের নূন্যতম মজুরি, চা সুন্দরী প্রকল্প সহ উত্তরবঙ্গের চা শিল্পের বর্তমান অবস্থা নিয়ে পর্যালোচনা করতে রাজ্য সরকার আগামীকাল বৈঠকে বসছে। মুখ্যসচিব মনোজ পন্থ-এর পৌরোহিত্যে নবান্নে প্রস্তাবিত এই বৈঠকে উপস্থিত থাকবেন শ্রমমন্ত্রী মলয় ঘটক, শ্রম সচিব, ভারতীয় চা পর্ষদের চেয়ারম্যান, ডেপুটি চেয়ারম্যান। চা বাগানের মালিক সংগঠন, ক্ষুদ্র চা চাষী সংগঠনের প্রতিনিধিদেরকেও চিঠি পাঠিয়ে উপস্থিত থাকতে

বলা হয়েছে। এছাড়াও আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, দার্জিলিং, দুই দিনাজপুর সহ উত্তরবঙ্গের ৬ জেলার জেলাশাসকরা ভার্চুয়ালি বৈঠকে যোগ দেবেন।

***********************

ফাল্গুনের গোড়াতেই কলকাতা সহ দক্ষিণবঙ্গে তাপমাত্রা ঊর্ধ্বমুখী। কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রী ছাড়িয়েছে। সকালের সর্বনিম্ন তাপমাত্রা'ও ছিল ২৩ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা সাড়ে চার ডিগ্রি বেশি। আগামী কয়েকদিন তাপমাত্রা আরো কিছুটা বাড়তে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। বুধবার থেকে দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় হাল্কা বৃষ্টির পূর্বাভাস রয়েছে। উত্তরবঙ্গ ছাড়াও রাজ্যের বাকি অংশে সকালের দিকে হাল্কা থেকে মাঝারি কুয়াশা থাকবে।

***********************

উত্তরপ্রদেশের প্রয়াগরাজে মহাকুম্ভ মেলার আজ ৩৬-তম দিনে পশ্চিমবঙ্গের রাজ্যপাল CV আনন্দ বোস সঙ্গমে পুণ্যস্নান করেন। কুম্ভকে ভারতের মহান সংস্কৃতি ও ঐতিহ্যের প্রতীক হিসেবে বর্ণনা করেন তিনি।

এদিকে, মহাকুম্ভে যাওয়ার সময় পথ দুর্ঘটনায় মৃত্যু হয়েছে পশ্চিম বর্ধমানের দুর্গাপুরের বাসিন্দা একা প্রৌঢ়ার। মৃতা রেখা ঘোষ দুর্গাপুর পুরনিগমের ১৬নং ওয়ার্ডের সুকান্তপল্লী এলাকার বাসিন্দা।

***********************

সুফি সাধক মওলা পাকের ১২৪-তম উরষ উৎসব আজ মেদিনীপুরের জোড়া মসজিদে পালিত হচ্ছে। বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে নানা সম্প্রদায়ের মানুষ জোড়া মসজিদ, দায়রা পাক এবং ইস্ত্রিগঞ্জ পাকে সমবেত হয়েছেন। মওলা পাক নামে পরিচিত হজরত সৈয়দ শাহ্ মুরসেদ আলি আল কাদেরি স্মরণে এই উৎসব পালিত হয়।

***********************************************************************